

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, সেপ্টেম্বর ১১, ২০১৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৪।

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আগস্ট ২০১৩ খ্রিঃ

নং ১০.০০.০০০০.১২৮.০১৫.০১.২০১২-৭৯৫—অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ আইন, ২০০১ (২০০১ সনের ১৬ নং আইন) এর ধারা ২০ক এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের অধীন ট্রাইব্যুনাল কর্তৃক ইতিমধ্যে নিষ্পত্তিকৃত মামলার আপীল আবেদনসমূহ নিষ্পত্তির উদ্দেশ্যে তফসিলের ৩ নং কলামে বর্ণিত জেলা ও দায়রা জজ, বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ এবং বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-এর সমন্বয়ে ২ নং কলামভুক্ত বিভাগসমূহের জন্য ৪ নং কলামে বর্ণিত স্থানীয় অধিক্ষেত্র নির্ধারণপূর্বক “অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিশেষ আপীল ট্রাইব্যুনাল” গঠন করিল। উল্লেখ্য যে, সংশ্লিষ্ট বিভাগীয় জেলার জেলা ও দায়রা জজ চেয়ারম্যান হিসাবে এবং বিভাগীয় স্পেশাল জজ/স্পেশাল জজ ও বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, সদস্য হিসাবে “অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিশেষ আপীল ট্রাইব্যুনাল” এর দায়িত্ব পালন করিবেন। আরও উল্লেখ্য যে, রায় প্রদানকারী বিচারক উক্ত বিশেষ আপীল ট্রাইব্যুনাল-এর চেয়ারম্যান/সদস্য হিসাবে দায়িত্ব পালন করিবেন না। সেক্ষেত্রে অপর দুইজন সদস্য সমন্বয়ে “অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিশেষ আপীল ট্রাইব্যুনাল” গঠিত হইবে।

তফসিল

ক্রমিক নং	বিভাগ	অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিশেষ আপীল ট্রাইব্যুনাল	স্থানীয় অধিক্ষেত্র
(১)	ঢাকা	ক) জেলা ও দায়রা জজ, ঢাকা খ) বিভাগীয় স্পেশাল জজ, ঢাকা গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল ঢাকা-১।	ঢাকা বিভাগের সকল জেলা।

(৭৬৮১)

মূল্য ৪ টাকা ৪.০০

ক্রমিক নং	বিভাগ	অর্পিত সম্পত্তি প্রত্যর্পণ বিশেষ আপীল ট্রাইব্যুনাল	স্থানীয় অধিক্ষেত্র
(২)	চট্টগ্রাম	ক) জেলা ও দায়রা জজ, চট্টগ্রাম খ) বিভাগীয় স্পেশাল জজ, চট্টগ্রাম গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল চট্টগ্রাম-১।	চট্টগ্রাম বিভাগের সকল জেলা।
(৩)	খুলনা	ক) জেলা ও দায়রা জজ, খুলনা খ) বিভাগীয় স্পেশাল জজ, খুলনা গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল . খুলনা।	খুলনা বিভাগের সকল জেলা।
(৪)	রাজশাহী	ক) জেলা ও দায়রা জজ, রাজশাহী খ) বিভাগীয় স্পেশাল জজ, রাজশাহী গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল রাজশাহী-১।	রাজশাহী বিভাগের সকল জেলা।
(৫)	বরিশাল	ক) জেলা ও দায়রা জজ, বরিশাল খ) বিভাগীয় স্পেশাল জজ, বরিশাল গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল বরিশাল।	বরিশাল বিভাগের সকল জেলা।
(৬)	সিলেট	ক) জেলা ও দায়রা জজ, সিলেট খ) বিভাগীয় স্পেশাল জজ, সিলেট গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল সিলেট।	সিলেট বিভাগের সকল জেলা।
(৭)	রংপুর	ক) জেলা ও দায়রা জজ, রংপুর খ) স্পেশাল জজ, রংপুর গ) বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল রংপুর।	রংপুর বিভাগের সকল জেলা।

২। ইতিপূর্বে জারীকৃত এস,আর, ও নং-৩৯৬, তারিখ ২৭ নভেম্বর, ২০১২ এতদ্বারা বাতিল করা হলো।

৩। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

আদেশক্রমে

মিজানুর রহমান খান
উপ-সচিব (প্রশাসন-১)।